

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
এস. ইসলাম পার্ক ভিউ, ১৫২/১, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
www.cevccomilla.gov.bd

সাধারণ বিজ্ঞপ্তি/নোটিশ


- বিষয়:** চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্য এর বৈধ মালিকানা/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে (যদি কেউ থাকে) আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি।
- সূত্র:** বিভাগীয় শুল্ক গুদাম, ফেনীর জি.আর. নম্বর: ২০৭/২০২৪, তারিখ: ১৭/০৪/২০২৪ খ্রিঃ।

আটককারী কর্তৃপক্ষ : ০৪ বর্ডার গার্ড বাংলাদেশ, দেবপুর বিওপি, ছাগলনাইয়া, ফেনীর সদস্যগণ।
আটকের স্থান : জয়নগর, ছাগলনাইয়া, ফেনী নামক স্থান।
আটকের তারিখ ও সময় : গত ০৩-০৪-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৩:০০ ঘটিকা।
আটককৃত মালামাল ও গাড়ির সংক্ষিপ্ত বর্ণনা : ভারতীয় বিভিন্ন প্রকারের বাজি।
আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয় : বিভাগীয় শুল্ক গুদাম, ফেনী, তারিখ: ১৭-০৪-২০২৪ খ্রিস্টাব্দ।
নাম ও তারিখ :
আটককৃত মালামাল কাস্টমস গুদাম কর্মকর্তা : ১১,৪০,১৯২/- (এগার লক্ষ চল্লিশ হাজার একশত বিরানব্বই) টাকা।
কর্তৃক নিরূপিত মূল্য

সূত্রীয় জিআরভুক্ত মামলার প্রতিবেদন থেকে জানা যায় যে, উপরিউক্ত আটককারী কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে ভারত থেকে আনিতি উপরোল্লিখিত মালামালের আটক প্রতিবেদন তৈরিপূর্বক কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭ এবং ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ৫ ও ৬ এ উল্লিখিত অপরাধ সংঘটিত হওয়ার কারণে একই আইনের ধারা ১৯২ (১) ও (২) মোতাবেক বিভাগীয় শুল্ক গুদাম, ফেনী জমা প্রদান করা হলে দায়িত্বপ্রাপ্ত গুদাম কর্মকর্তা কর্তৃক আটক পণ্যের মূল্য নিরূপণ করা হয়।

- ২। আটককারী কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত আটক প্রতিবেদনে বর্ণিত পণ্য বিভাগীয় শুল্ক গুদাম, ফেনী জমা দেয়া হয়। উক্ত পণ্য শুল্ক করা দি ফীকি দিয়ে অবৈধ পথে চোরাচালানের মাধ্যমে বাংলাদেশে প্রবেশ করানোর কারণে আটক মামলা দায়ের করে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭ এবং ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ৫ ও ৬ এ উল্লিখিত অপরাধ সংঘটিত হওয়ার কারণে এবং The Imports & Exports (Control) Act, 1950 এর Section 3 এর Sub-section 1 এর বিধান ভঙ্গের অভিযোগে গুদাম কর্মকর্তা একটি আটক মামলা দায়ের করে ন্যায়-নির্ণয়নের জন্য আটক প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করেন।
- ৩। উল্লিখিত জিআর এ বর্ণিত জন্মকৃত মালামালের কোন বৈধ মালিক/দাবিদার থাকলে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে যথাযথ প্রমাণক/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমাণকসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় পণ্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

আদেশক্রমে



১৩-০৫-২৬
রাবেয়া বেগম
রাজস্ব কর্মকর্তা

যুগ্ম কমিশনারের পক্ষে।

E-mail: cevccomilla@gmail.com

বিতরণ:

১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়ের সাইড আপলোডসহ)
২. নোটিশ বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ফেনী।
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, ফেনী।